

Take Care

New York City Test and Trace Corps

জানুয়ারি 2021

Take Care এর সংক্ষিপ্ত বিবরণ

NYC Test & Trace Corps নিশ্চিত করবে যে COVID-19 এর পরীক্ষায় যারা পজিটিভ হিসেবে শনাক্ত হয়েছেন এবং তাদের ঘনিষ্ঠ সংস্পর্শে যারা এসেছেন তাদের যেন বিনামূল্যে **হোটেলে** থাকার, **বা বাড়িতে** নিরাপদে আলাদা থাকার প্রয়োজনীয় ব্যবস্থা থাকে।

একটি Take Care হোটেলে নিরাপদে আলাদা থাকার তথ্য

- যেসব নিউ ইয়র্কবাসী COVID-19 এর পরীক্ষায় পজিটিভ হিসেবে শনাক্ত হয়েছেন অথবা যারা এই ভাইরাসের সংস্পর্শে এসেছেন তারা নিরাপদে আলাদা থেকে তাদের প্রিয়জনদের রক্ষা করার জন্য 10 দিন পর্যন্ত **বিনামূল্যে** হোটেল রুমে থাকার যোগ্য হতে পারেন।
- আপনি যদি Take Care হোটেলে আলাদা হতে চান তাহলে একে পাবলিক চার্জ আইনের অধীনে বিবেচনা করা হবে না এবং আপনি অন্যান্য যে সকল সুবিধা ভোগ করে থাকেন তার উপর কোন প্রভাব ফেলবে না। Take Care হোটেল আপনার গ্রীন কার্ডের জন্য আবেদন করার সক্ষমতাকে প্রভাবিত করবে না।
- উপরন্তু, COVID-19 সম্পর্কিত চিকিৎসা বা প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবাকেও পাবলিক চার্জ আইনের অধীনে বিবেচনা করা হবে **না**।
- **রুম বুকিং দিতে যে কেউ 1-212-COVID19 (212-268-4319) নম্বরে কল করতে পারবেন।**

একটি Take Care হোটেলে নিরাপদে আলাদা থাকার তথ্য

- হোটেলে আগত অতিথিদের জন্য থাকবে **বিনামূল্যে:**
 - হোটেলে আসা-যাওয়ার জন্য রাউন্ড ট্রিপ পরিবহন ব্যবস্থা এবং যেকোনো আবশ্যকীয় মেডিকেল অ্যাপয়েন্টমেন্ট
 - ব্যক্তিগত রুম এবং বাথরুম
 - অনসাইট COVID-19 পরীক্ষা
 - সংযুক্ত থাকতে বিনামূল্যে ওয়াই-ফাই, কেবল টিভি, এবং আনলিমিটেড লোকাল ফোন কল
 - প্রতিদিন সকালের নাস্তা, মধ্যাহ্নভোজ, এবং রাতের খাবার (নিরামিষ এবং কোশার খাবার অন্তর্ভুক্ত রয়েছে)
 - ওশুধ ডেলিভারি
 - দক্ষ ডাক্তার এবং নার্সদের দ্বারা অনসাইট স্বাস্থ্য সেবা পরিষেবা
 - বিশেষজ্ঞ মানসিক স্বাস্থ্যসেবা সরবরাহকারীদের অ্যাক্সেস করতে টেলিসাইকিয়াট্রি
- **রুম বুকিং দিতে যে কেউ 1-212-COVID19 (212-268-4319) নম্বরে কল করতে পারবেন।**

একটি Take Care হোটেলে নিরাপদে আলাদা থাকার তথ্য

- আরও তথ্য দেখুন:

<https://www.nychealthandhospitals.org/test-and-trace/take-care/>

- রুম বুকিং দিতে যে কেউ 212-COVID-19 (212-268-4319) নম্বরে কল করতে পারবেন।

বাড়িতে নিরাপদে আলাদা থাকা – সংস্থানসমূহ

- NYC Test & Trace Corps COVID-19 আছে অথবা COVID-19 আক্রান্ত কারও সংস্পর্শে এসেছিলেন এমন যে কারোর নিজের বাড়িতে নিরাপদে আলাদা থাকার সংস্থানসমূহ যেন থাকে তা নিশ্চিত করবে।
- এটা করার জন্য, আমরা আপনার এলাকার কমিউনিটিভিত্তিক সংস্থার রিসোর্স নেভিগেটরদের সাথে কাজ করি।
- তারা আপনাকে আপনার এলাকার আশেপাশের সংস্থানসমূহের সাথে সংযুক্ত হতে সাহায্য করতে পারে।

বাড়িতে নিরাপদে আলাদা থাকা – সংস্থানসমূহ

বিনামূল্যে সংস্থানসমূহের মধ্যে রয়েছে:

- খাদ্য ডেলিভারি
- আপনার নিয়োগকর্তার কাছ থেকে সবেতন ছুটি
- একটি কোয়ারেন্টাইন আদেশ পেতে সাহায্য
- ওষুধ
- স্বাস্থ্য বীমা
- ইউটিলিটিসমূহ (বিদ্যুৎ, পানি, গ্যাস)
- প্রাইমারি কেয়ার প্রোভাইডার
- মানসিক স্বাস্থ্য সহায়তা
- পারিবারিক সহিংসতায় সাহায্য
- সামাজিক সেবা
- আবাসন এবং গৃহহীনতার সংস্থানসমূহ
- পোশা প্রাণীর যত্ন
- 10 দিনের জন্য কোয়ারেন্টাইন/আইসোলেশনে থাকতে একটি তিন সদস্যের পরিবারের জন্য পর্যাপ্ত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামসহ Take Care প্যাকেজ।
- এবং আরও অনেক কিছু!

বাড়িতে নিরাপদে আলাদা থাকা - সংস্থানসমূহ

- আমরা রিসোর্স নেভিগেশন করার জন্য কমিউনিটিভিত্তিক সংস্থাসমূহের (Community Based Organizations, CBO) সাথে কাজ করি। এই কাজ করার জন্য CBO সমূহ হলো সবচেয়ে ভালো সেটআপ কারণ:
 - তারা যেসব স্থানীয় কমিউনিটিতে সেবা দিয়ে থাকে সে সম্পর্কে তারা সম্যক অবগত।
 - তাদের ভাষাগত সক্ষমতা আছে যা কমিউনিটিতে সবচেয়ে বেশী প্রয়োজন
 - স্থানীয় সংস্থানসমূহে তাদের দক্ষতা রয়েছে, যা সব ধরনের যথাযথ পরিষেবা প্রদানের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ

সংস্থানের উল্লেখযোগ্য দিকসমূহ – খাবার সহায়তা

COVID-19 সংকটের সময় অভাবে পড়া নিউ ইয়র্কবাসীরা জরুরী খাবার হোম-ডেলিভারি পরিষেবা পাবেন যদি:

- আপনি বা আপনার পরিচিত কেউ বাইরে যেতে এবং আপনার জন্য খাবার আনতে না পারেন
- আপনি খাবার বা মুদি সরবরাহের ব্যয়ভার বহন করতে না পারেন
- অনুরোধ সাপেক্ষে নিরামিষ, কোশার, হালাল খাদ্য, ল্যাটিংক্র, এবং প্যান-এশিয়ান প্রভৃতি অপশন রয়েছে।

জরুরী খাবার সরবরাহের জন্য সাইন আপ করতে:

- আপনার রিসোর্স নেভিগেটরের সাথে কথা বলুন
- **Test & Trace Corps হটলাইনে 1-212-COVID19 (1-212-268-4319) নম্বরে** কল করুন। সংস্থানের জন্য 5 চাপুন, অতঃপর একজন রিসোর্স নেভিগেটরের জন্য একটি বার্তা রেখে যেতে 5 চাপুন। একজন রিসোর্স নেভিগেটর আপনাকে ফিরতি ফোন করবে এবং তালিকাভুক্তিতে সাহায্য করবে।
- অনলাইনে সাইন আপ করুন nyc.gov/getfood ঠিকানা অথবা 311 নম্বরে কল করুন এবং বলুন “Get Food” (খাবার সহায়তা)।

বাড়িতে নিরাপদে আলাদা হবার জন্য - কিভাবে সংস্থানসমূহের সাথে যুক্ত হবেন?

- আপনার অথবা আপনার এলাকার কোনও সদস্যের যদি COVID-19 থাকে, অথবা COVID-19 আছে এমন কারো সংস্পর্শে এসে থাকেন তাহলে আপনাদেরকে একজন রিসোর্স নেভিগেটরের রেফারাল প্রদান করা হবে।
- যে কেউ 1-212-COVID19 (212-268-4319) নম্বরে কল করতে পারবেন, বাড়িতে নিরাপদে আলাদা হতে 5 চাপুন, এবং অন্যান্য সংস্থানের জন্য একটি ভয়েসমেইল রেখে যেতে 5 চাপুন। একজন রিসোর্স নেভিগেটর আপনাকে ফিরতি ফোন করবেন।
- আপনি শহরব্যাপী এবং এলাকা-নির্দিষ্ট সংস্থান খুঁজে পেতে স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (Department of Health and Mental Hygiene, DOHMH)-এর ওয়েবসাইটে যেতে পারেন: <https://www1.nyc.gov/site/doh/covid/covid-19-communities.page>

আলোচনা ও প্রশ্নসমূহ

NYC
HEALTH+
HOSPITALS



মেথাডোন ডেলিভারি

- যে সকল নিউ ইয়র্কবাসী COVID-19 এর পরীক্ষায় পজিটিভ এসেছেন অথবা যারা এই ভাইরাসের সংস্পর্শে এসেছেন এবং কোয়ারেন্টাইন/আইসোলেশন পালন করছেন তারা তাদের বাড়িতে বা হোটেলে মেথাডোন এর ডেলিভারি নিতে পারবেন। যাদের বয়স 50 বছর বা তার বেশী এবং পূর্বে থেকে এমন কোনও শারীরিক সমস্যা রয়েছে যা তাদের মারাত্মক অসুস্থতার দিকে ঠেলে দিতে পারে এমন ব্যক্তিদের জন্যেও ডেলিভারির ব্যবস্থা রয়েছে।
- কিভাবে মেথাডোন ডেলিভারি সেটআপ করতে হবে:
 1. আপনি যদি কোনও Take Care হোটেলে কোয়ারেন্টাইন/আইসোলেশনে থাকেন, একজন সমাজ কর্মী হোটেলে অনসাইট মেথাডোন ডেলিভারির ব্যবস্থা করবেন।
 2. আপনি যদি বাড়িতে কোয়ারেন্টাইন/আইসোলেশনে থাকেন, একজন রিসোর্স নেভিগেটর আপনার বাড়িতে মেথাডোন ডেলিভারির ব্যবস্থা করার জন্য রেফার করতে পারবেন। আপনি আপনার মেথাডোন ক্লিনিকেও কল করতে পারেন এবং আপনার হোম ডেলিভারির প্রয়োজন হলে সেটা জানাতে পারেন।